**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা উৎপাদনের লাইসেন্সপ্রার্থী হেম্প চাষীদের জন্য অ্যাপ্লিকেশন পোর্টাল চালু করা হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্কে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্পের জন্য প্রথম লাইসেন্সপ্রাপ্তির এই সুযোগ গভর্নরের সিডিং অপর্চুনিটি উদ্যোগকে এগিয়ে নিচ্ছে***

***নিউ ইয়র্কের কৃষকদেরকে নিউ ইয়র্কে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজার প্রথম উৎপাদনকারীতে পরিণত করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ 2022 সালের ফসলের মৌসুমে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা উৎপাদনের জন্য শর্তসাপেক্ষ লাইসেন্সপ্রার্থী হেম্প চাষীদের জন্য একটি ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন পোর্টাল চালুর ঘোষণা দিয়েছেন। গত মাসে গভর্নরের স্বাক্ষরিত একটি আইনের মাধ্যমে এই লাইসেন্স প্রদান সম্ভব করা হয়েছে।

"আমাদের সিডিং অপর্চুনিটি উদ্যোগের (Seeding Opportunity Initiative) মাধ্যমে দেশের সবচেয়ে বেশি অন্তর্ভুক্তিমূলক প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্প গড়ে তোলার জন্য নিউ ইয়র্ক পূর্ণ গতিতে এগিয়ে যাচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই উদ্যোগ নিউ ইয়র্কের কৃষকদের ও প্রভাবিত কমিউনিটিগুলোর জন্য অর্থনৈতিক ক্ষমতায়নের অর্থপূর্ণ সুযোগ তৈরি করবে। এখন যেহেতু আমাদের অ্যাপ্লিকেশন পোর্টাল চালু হয়েছে, আমি নিউ ইয়র্কের প্রত্যেক যোগ্য কৃষককে খামার-থেকে-বিক্রয় পাইপলাইনে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করছি যা এম্পায়ার স্টেটব্যাপী কর্মসংস্থান ও সুযোগ-সুবিধা তৈরি করবে।"

এই লাইসেন্সপ্রাপ্তির অ্যাপ্লিকেশন পোর্টাল চালু হওয়াটা গভর্নরের দেশের প্রথম সিডিং অপর্চুনিটি উদ্যোগকে এগিয়ে নিচ্ছে, যার আওতায় ইতোপূর্বে গাঁজা-সংক্রান্ত ফৌজদারি অপরাধের জন্য দোষী সাব্যস্ত ব্যক্তিদের কাছে নিউ ইয়র্কের হেম্প চাষীদের উৎপাদিত প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা প্রথমবারের মতো বিক্রি করার সুযোগ তৈরি হয়েছে। এইখামার-থেকে-দোকান উদ্যোগ 2022 সাল শেষ হওয়ার আগেই নিউ ইয়র্কে বিক্রি করতে পারা সম্ভব করে তুলছে, যার মধ্য দিয়ে নিউ ইয়র্কের গাঁজা শিল্প দ্রুত চালু হতে পারছে, ভবিষ্যত ইক্যুইটি আবেদনকারীদের জন্য সহায়তা নিশ্চিত করা যাচ্ছে, এবং গাঁজা নিষিদ্ধকরণের বৈষম্যমূলক প্রয়োগের ফলে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে দ্রুত বিনিয়োগ নিশ্চিত করা যাচ্ছে।

আইনের আওতায়, শর্তসাপেক্ষে লাইসেন্সপ্রাপ্ত গাঁজা চাষীদের অবশ্যই নিরাপদ, টেকসই ও পরিবেশবান্ধব চাষাবাদের রীতি অনুসরণ; একটি সোশ্যাল ইক্যুইটি মেন্টরশিপ কর্মসূচিতে অংশগ্রহণ সহ নির্দিষ্ট কিছু বাধ্যবাধকতা পূরণ করতে হবে এবং স্বনামধন্য কোনো শ্রমিক সংস্থার সঙ্গে একটি শ্রমিক শান্তি চুক্তি সম্পন্ন করতে হবে। নিউ ইয়র্ক স্টেটের অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management) কর্তৃক উন্মোচিত হওয়া আজকের এই পোর্টালটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শর্তসাপেক্ষে উৎপাদনের লাইসেন্সপ্রার্থী হেম্প চাষীদের জন্য আবেদন করাকে সহজ করে তুলেছে।

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের (Cannabis Control Board) সভাপতি ট্রেমাইন রাইট বলেন,** "এই পোর্টাল চালু করতে পেরে এবং প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজার বাজারের জন্য আমাদের প্রথম লাইসেন্স ইস্যু করার প্রক্রিয়া শুরু করতে পেরে আমরা রোমাঞ্চিত। এসব লাইসেন্স নিউ ইয়র্কের কৃষকদেরকে NY-এর প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের বাজারের প্রথম উৎপাদকে পরিণত করবে। একটি নিরাপদ, সমতাপূর্ণ ও স্থিতিশীল শিল্প নির্মাণের জন্য আমাদের প্রচেষ্টা চালিয়ে যাওয়ার এই সময়ে সিডিং অপর্চুনিটি উদ্যোগের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্যগুলো আমাদের ইক্যুইটি-উদ্যোক্তা-মালিকানাধীন ডিসপেন্সারিগুলোতে সাপ্লাই প্রদান করবে।"

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সদস্য অ্যাডাম পেরি বলেন,** "আজ এই পোর্টাল চালু করার মধ্য দিয়ে আমরা নিউ ইয়র্কে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজার বাজার খুলে দেওয়ার এবং নিউ ইয়র্কের কৃষকদের উৎপাদিত গাঁজা প্রথমে বিচার প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের এবং এরপরে লাইসেন্সের আবেদনকারীদের কাছে বিক্রি করার জন্য আমাদের অন্য প্রচেষ্টার পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করেছি। একটি সুনিয়ন্ত্রিত, সমতাপূর্ণ, ও অন্তর্ভুক্তিমূলক গাঁজা শিল্প গড়ে তোলায় নিউ ইয়র্কের নেতৃত্বকে আমরা একটি দৃষ্টান্ত হিসেবে স্থাপন করতে চাই। গাঁজা সংক্রান্ত নিষেধাজ্ঞার ফলে হওয়া ক্ষতি প্রশমনের জন্য নিউ ইয়র্কের গাঁজা আইনের (Cannabis Law) প্রতিশ্রুতি পূরণের জন্য আমাদের টিমের সম্পন্ন করা কাজ নিয়ে আমি গর্বিত।"

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সদস্য জেসিকা গার্সিয়া বলেন,** "স্টেটের বাইরের কর্পোরেশনগুলোর পরিবর্তে নিউ ইয়র্কের কৃষকদের দিয়ে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা প্রথম উৎপাদন করানো এবং একই সময়ে পরিবারের জন্য স্থিতিশীল, ইউনিয়ন ক্যানাবিস ক্যারিয়ারের দ্বার উন্মুক্ত করাটা আমরা নিউ ইয়র্কে যে সমতাপূর্ণ গাঁজা শিল্প গড়ে তুলতে যাচ্ছি তার একটি শুভ সূচনা। ইক্যুইটি-উদ্যোক্তা ও আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলোকে দীর্ঘমেয়াদী সাফল্য অর্জনে সাহায্য করার জন্য সমগ্র শিল্পখাতের জন্য সমর্থন গড়ে তোলার এই সময়ে আমি আমাদের সামনে থাকা কাজগুলো সম্পাদনের প্রতীক্ষায় রয়েছি।"

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সদস্য এবং স্টেট সিনেটে কৃষি বিষয়ক কমিটির প্রাক্তন সভাপতি জেন মেজগার বলেন, ,** "নিউ ইয়র্কের গাঁজা জাতীয় হেম্প চাষীদের প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজার বাজারে প্রবেশ করার বৈচিত্র্যময় সুযোগ প্রদান করতে পেরে আমরা উচ্ছসিত, যা ভোক্তাদের দোরগড়ায় প্রথম ডিসপেন্সারিগুলো চালু হলে সূর্যের আলোতে বেড়ে উঠা, টেকসই উপায়ে চাষকৃত পণ্যের অ্যাক্সেস পাওয়ার সুযোগ করে দিবে। লাইসেন্সপ্রাপ্তির প্রক্রিয়ায় কৃষকদের সহায়তা প্রদানের জন্য এবং ইক্যুইটি উৎপাদকদের সাথে শক্তিশালী মেন্টরশিপ

অংশীদারিত্ব উন্নয়নে তাদেরকে সাহায্য করার জন্য OCM-এ আমাদের একটি অভিজ্ঞ টিম রয়েছে, আমি একটি ফলপ্রসূ উৎপাদনের মৌসুম পাওয়ার প্রত্যাশা রাখি!"

**নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সদস্য এবং DASNY-এর প্রেসিডেন্ট ও CEO রিউবেন ম্যাকড্যানিয়েল, III বলেন,** "সর্বোচ্চ আর্থিক সুবিধা পাওয়ার জন্য নিউ ইয়র্কের ক্যানাবিস কর্মসূচিকে যোগান, বন্টন ও লোকজনের মধ্যে সমণ্বয় সৃষ্টির জন্য অনন্যভাবে গড়ে তোলা হয়েছে। 2022 সালের চাষাবাদের মৌসুমে কৃষকরা যাতে আমাদের ইক্যুইটি উদ্যোক্তাদের কাছে নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত পণ্য সরবরাহ করতে পারেন যা তারা তাদের কার্যপরিচালনার প্রথম দিনেই বিক্রি করতে পারবেন তা নিশ্চিত করাটা কৃষকদের এবং একই সাথে উদ্যোক্তাদের সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টেটের মধ্যে আমাদের কাছে মানসম্মত গাঁজার পর্যাপ্ত সরবরাহ রয়েছে তা নিশ্চিত করার জন্য এবং আমাদের সোশ্যাল ইক্যুইটি অংশগ্রহণের লক্ষ্যসমূহ পূরণের জন্য সামনের মাসগুলোতে আমাদের ঘোষণা করতে যাওয়া কয়েকটি উদ্যোগের মধ্যে এটি অন্যতম। এই নতুন খাতের উন্নয়নের জন্য তিনি যে বিস্তৃত ভিশন নিয়ে এসেছেন সেজন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা চাষের জন্য একটি শর্তসাপেক্ষ লাইসেন্স পেলে কৃষকরা লাইসেন্সপ্রাপ্তির পরে দুই বছর পর্যন্ত ঘরের বাইরে অথবা কোনো গ্রিনহাউজে গাঁজা উৎপাদন করতে পারবেন। এছাড়াও এটি তাদেরকে 1 জুন, 2023 তারিখ পর্যন্ত প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য প্রক্রিয়াকারক বা বন্টনকারকের লাইসেন্সের অধিকারী হওয়া ছাড়াই গাঁজা ফুলের পণ্যসমূহ প্রস্তুত ও বন্টন করার অনুমতি প্রদান করবে। চাষাবাদকারীরা ঘরের বাইরে এক একর (43,560 বর্গফুট) ফুল চাষের জায়গা অথবা কোনো গ্রিনহাউজে 25,000 বর্গফুট জায়গার মধ্যে চাষাবাদ সীমিত রাখতে হবে এবং সর্বোচ্চ 20টি কৃত্রিম বাতি ব্যবহার করতে পারবেন। এছাড়াও তারা ঘরের বাইরে এবং গ্রিনহাউজের মধ্যে দুইভাগে ভাগ করে নিয়ে মোট 30,000 বর্গফুট ফুল চাষের জায়গা নিয়ে উৎপাদন করতে পারবেন, যতক্ষণ পর্যন্ত গ্রিনহাউজে ফুল চাষের জায়গা 20,000 বর্গ ফুটের মধ্যে সীমিত থাকে।

প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা চাষের শর্তসাপেক্ষ লাইসেন্সপ্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হওয়ার জন্য একজন আবেদনকারীকে অবশ্যই কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) একজন অনুমোদিত শিল্পখাতের হেম্প গবেষণার অংশীদার হতে হবে, নেশাদ্রব্য হিসেবে ব্যবহারের উদ্দেশ্য ব্যতিরেকে গত চার বছরের মধ্যে কমপক্ষে দুই বছর ধরে হেম্প চাষের সাথে যুক্ত থাকতে হবে এবং 31 ডিসেম্বর, 2021 তারিখে গবেষণা কর্মসূচি শেষ হওয়ার সময়ে ভালো অবস্থানে থাকতে হবে। আবেদনকারী কৃষকদের 2,000 ডলারের একটি অফেরতযোগ্য আবেদন ও লাইসেন্সিং ফি প্রদান করতে হবে, এবং আবেদন করার আগে কর্মসূচির নির্দেশনা পড়ে নেওয়ার জন্য আবেদনকারীদেরকে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে।

লাইসেন্সধারীদের এছাড়া একটি সামাজিক ইকুইটি মেন্টরশিপ কর্মসূচিতে অবশ্যই অংশগ্রহণ করতে হবে যেখানে তারা সামাজিক ও অর্থনৈতিক ইকুইটি অংশীদারদেরকে গাঁজা চাষ ও প্রক্রিয়াজাতকরণের প্রশিক্ষণ প্রদান করবে, তাদের শিল্পে সম্ভাব্য ভূমিকা রাখার জন্য প্রস্তুত

করবে। এছাড়াও পরিবেশের জন্য বিবেচনাপূর্ণ একটি উপায়ে গাঁজা চাষ করা নিশ্চিত করতে উৎপাদনকারীদের টেকসই হওয়ার শর্তও পূরণ করতে হবে।

**অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ক্রিস অ্যালেক্সান্ডার বলেন,** "আমাদের এতদিনের ছাঁচ ভেঙ্গে বের হওয়া এবং নিউ ইয়র্কের কৃষকদের সঙ্গে এ বছর শেষ হওয়ার আগেই প্রথমবারের মতো প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা বিক্রি করতে যাওয়া ইক্যুইটি উদ্যোক্তাদের সংযোগ ঘটিয়ে দেওয়ার জন্য আমাদের প্রচেষ্টার এই সময়ে আজ এই পোর্টাল চালু করাটা গভর্নর হোকলের সিডিং অপর্চুনিটি উদ্যোগকে বাস্তবে রূপদান করার ক্ষেত্রে গৃহীত পরবর্তী পদক্ষেপ। এসব পণ্য টেকসইভাবে উৎপাদন করা হবে এবং লাইসেন্সপ্রাপ্তির আরেকটি পথ তৈরি করবে এমন একটি মেন্টরশিপ কর্মসূচি গড়ে তোলার জন্য আমরা আমাদের লাইসেন্সপ্রাপ্তদের সাথে ইক্যুইটি মেন্টিদের অংশীদার বানিয়ে দিবো। এটি সব ধরনের লাইসেন্সের ক্ষেত্রে আমাদের ইক্যুইটি উদ্যোক্তাদের অ্যাক্সেস ও অংশগ্রহণ নিশ্চিত করতে আমাদের সম্পন্ন করা কাজের আরেকটি উদাহরণ মাত্র।"

10 মার্চ, 2022 তারিখে ঘোষিত হওয়া গভর্নর হোকলের সিডিং অপর্চুনিটি উদ্যোগ হচ্ছে গাঁজা নিষিদ্ধকরণের বৈষম্যমূলক প্রয়োগের ফলে স্টেটজুড়ে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোর ক্ষতিপূরণের প্রতিশ্রুতি নিয়ে শুরু হওয়া প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্প গড়ে তোলার জন্য একটি জাতীয় মডেল। সিডিং অপর্চুনিটি উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্কের কৃষকরা এই প্রথম প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা উৎপাদন করছেন, এবং বিচার প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত, সফল ব্যবসা মালিকরা গভর্নর হোকলের প্রস্তাবিত 200 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক সোশ্যাল ইক্যুইটি ক্যানাবিস ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (New York Social Equity Cannabis Investment Program) সহায়তায় প্রথম বিক্রি সম্পন্ন করবেন, যে কর্মসূচি লাইসেন্সিং ও বেসরকারি ইক্যুইটি থেকে প্রাপ্ত অর্থায়নে পরিচালিত হবে। বর্তমানে আইন প্রণেতাদের সঙ্গে আলোচনার পর্যায়ে থাকা এই কর্মসূচি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের বাজারের সম্মুখভাগে থাকা ইক্যুইটি-উদ্যোক্তাদের তহবিল সরবরাহ করার জন্য শিল্পখাতের লাইসেন্স প্রদানের ফি ও বেসরকারি ইক্যুইটি ব্যবহার করবে। সুনির্দিষ্টভাবে, এসব বিচার প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত, সফল ব্যবসা মালিকদের উচ্চ লোক সমাগমের এলাকাগুলোতে সংস্কারকৃত অথবা সংস্কারের জন্য প্রস্তুত খুচরা বিক্রয়ের অবস্থান এবং র‍্যাপঅ্যারাউন্ড পরিষেবা সম্পন্ন ডিসপেন্সারি দিয়ে সহায়তা প্রদান করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন